দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ১৩ কলাম ১




বরিশাল: ৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে শিক্ষকরা শহরে মানববন্ধনকরে —ইত্তেফাক

# বরিশালে শিক্ষকদের মানববন্ধন

■ বরিশাল অফিস

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের ৫ ভাগ প্রবৃদ্ধি, বৈশাখী ভাতা, পূর্ণাঙ্গ উৎসব ভাতা; চিকিৎসা ভাতা বৃদ্ধি ও শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে গতকাল রবিবার বেলা ১১টায় বৃষ্টি উপেক্ষা করে নগরীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

স্বাধীনতা শিক্ষক পরিষদের জেলা শাখা ও বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক পরিষদ বরিশাল অঞ্চলের আয়োজনে মানববন্ধন শেষে নেতৃবৃন্দ জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি প্রদান করেছেন। ঘণ্টাব্যাপী মানববন্ধন চলাকালীন অনুষ্ঠিত সমাবেশে স্বাধীনতা শিক্ষক পরিষদের জেলা শাখার সভাপতি অধ্যাপক মিজানুর রহমানের সভাপতিত্বে বক্তারা বলেন, দেশের ৯৫ ভাগ শিক্ষার আলো বেসরকারি শিক্ষকরা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব পালন করার পরেও বেসরকারি শিক্ষকরা আজ বৈষম্যের শিকার হয়ে মানবেতর জীবন যাপন করছেন। সমাবেশে বক্তৃতা করেন বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক পরিষদের কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান মোহাম্মদ হারুন-অর-রশিদ।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
স্বাক্ষর